

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস অইসিডি  
কমলাপুর, ঢাকা

নথি নং-৫-কাস(০২)নিলাম/অইসিডি/২০১২/পট-৩/ ১১২৩০

তারিখ-১৫/১১/২০১১ খ্রি:

প্রেরক : কমিশনার  
কাস্টম হাউস অইসিডি  
কমলাপুর, ঢাকা


প্রাপক : ১. বিজ্ঞাপন ম্যানেজার  
দৈনিক ইত্তেফাক  
৪০, কাজী নজরুল ইসলাম এভিনিউ  
ঢাকা-১২১৫

২. বিজ্ঞাপন ম্যানেজার  
নিত্ত নিশান  
১, অর.কে. মিশন রোড, ঢাকা

বিষয় : দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হল। সংযুক্ত জরুরী সরকারি নিলামকরী নিয়োগ/সরপত্র বিজ্ঞপ্তি ০১ (এক) দিনের জন্য আপনার জাতীয় দৈনিক পত্রিকায় প্রচার করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

০২. প্রচার শেষে পত্রিকার ২ টি কপি সহ বিল জমা দেয়ার জন্যও অনুরোধ করা হল।

  
15.11.2011

জাবির হোসেন চৌধুরী  
সরকারী কমিশনার  
কমিশনারের পক্ষে

ফোনঃ ০২-৪৮৩১০৮৪০

“সরকারি নিলামকারী নিয়োগ দরপত্র”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা এর নিলাম কার্যক্রম পরিচালনার জন্য শর্ত সাপেক্ষে ০১ (এক) জন সরকারি নিলামকারী নিয়োগের লক্ষ্যে দরপত্র আস্থান করা যাচ্ছে। কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা এর জিএল শাখা হতে আগামী ১৭/১১/২০২১ খ্রি: হতে ২৯/১১/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালিন সময়ে নগদ ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) দিয়ে দরপত্র বিক্রি করা হবে।


০২। দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবে :

- (ক) নিলামকারী হিসাবে মূসক নিবন্ধন সনদের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি);
- (খ) নিলামকারী হিসাবে ট্রেড লাইসেন্স এর কপি; (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি);
- (গ) হালনাগাদ আয়কর সনদের কপি; (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি);
- (ঘ) সরকারী নিলামকারী হিসাবে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতার সনদ;
- (ঙ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট;
- (চ) স্থানীয় কাউন্সিলর কর্তৃক চারিত্রিক সনদপত্রের কপি;
- (ছ) জাতীয় পরিচয়পত্র (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি);
- (জ) শিক্ষাগত যোগ্যতা সনদপত্র (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি);
- (ঝ) নাগরিক সনদপত্র (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি);
- (ঞ) ১,০০০/- (এক হাজার) ট্রেজারী চালানের মূল কপি (অফেরতযোগ্য) (কোড নম্বর-২০০০০০০৮৪);
- (ট) পাসপোর্ট সাইজের ছবি ০৪ (চার) কপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি);
- (ঠ) জামানত হিসেবে ০৫ (পাঁচ) লক্ষ টাকার পে-অর্ডার এবং
- (ড) দাখিলকৃত দরপত্রে প্রতিষ্ঠানের শতকরা হারে কমিশন/দর (দর বিশ্লেষণসহ) উল্লেখ।

০৩। কোন দরদাতা কোন অসত্য তথ্য/জাল দলিলাদি দাখিল করলে উক্ত দরদাতার বিরুদ্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। সিলমোহরকৃত দরপত্র আগামী ২৯/১১/২০২১ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৪ ঘটিকা পর্যন্ত কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকার রক্ষিত দরপত্র বাঞ্ছা দাখিল/জমা প্রদান করা যাবে। দরপত্র দাখিলের পরের কার্যদিবসে বেলা ১১.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেই উপস্থিত থাকেন) দরপত্র বাঞ্ছা খোলা হবে।

০৫। কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
15.11.2021

জাকির হোসেন চৌধুরী  
সহকারী কমিশনার  
কমিশনারের পক্ষে  
ফোনঃ ০২-৪৮৩১৩৮৪৩।